# শ্রীরামকৃষ্ণ আশ্রম ইনস্টিটিউট
## শ্রেণি- দ্বিতীয়
## বিষয়- গণিত
## একক-মেট্রিক পদ্ধতি

**১।সংক্ষিপ্ত প্রশ্ন ও উত্তর:-**

**ক)** পদার্থ বা বস্তু কয় প্রকার ও কী কী ?এদের উদাহরণ দাও।
উঃ-পদার্থ বা বস্তু তিন প্রকার। কঠিন, তরল ও গ্যাসীয়।
কঠিন পদার্থ-পাথর,কাঠ, টেবিল, বই ইত্যাদি।
তরল পদার্থ-জল,তেল,দুধ ইত্যাদি।
গ্যাসীয় পদার্থ-জলীয় বাষ্প, বাতাস, ধোঁয়া ইত্যাদি।

**খ)** পরিমাপ কথার অর্থ কী?
উঃ-"পরিমাপ " কথার অর্থ কোনো কিছু মাপা।

**গ)** দৈর্ঘ্য বলতে কি বোঝায়?
উঃ-কোনো বস্তু কতটা লম্বা/চওড়া/উঁচু এবং এক স্থান থেকে অন্য স্থান কত দূরে এসব জানার জন্য দৈর্ঘ্য পরিমাপ করা হয়।

**ঘ)** বস্তুর ওজন বলতে কী বোঝায়?
উঃ-কোনো বস্তু কতটা ভারী বা হালকা তা জানার জন্য বস্তুর ওজন পরিমাপ করা হয়।

**ঙ)** তরলের আয়তন বলতে কী বোঝায়?
উঃ-তরল পদার্থ যতটা পরিমাণ জায়গা জুড়ে থাকে তাকেই তরলের আয়তন বলে।

**২)ক)** কোন পদ্ধতিতে বস্তুর দৈর্ঘ্য, ওজন ও তরলের আয়তন পরিমাপ করা হয়?
উঃ-,মেট্রিক পদ্ধতিতে বস্তুর দৈর্ঘ্য, ওজন ও তরলের আয়তন পরিমাপ করা হয়।

**খ)** বস্তুর দৈর্ঘ্য, ওজন ও তরলের আয়তন পরিমাপের মূল একক ও পরিমাপের যন্ত্র গুলির নাম ছকে লেখো।

| | পরিমাপের মূল একক | পরিমাপের যন্ত্র |
|---|---|---|
| দৈর্ঘ্য/দূরত্ব | মিটার | স্কেল/ফিতে |
| ওজন | গ্রাম | দাঁড়িপাল্লা/ডিজিটাল ওজন মাপার যন্ত্র |
| তরলের আয়তন | লিটার | চোঙ |

৩) মেট্রিক পদ্ধতি কাকে বলে? এই পদ্ধতির এরূপ নামকরণের কারণ কী?

উঃ- যে পদ্ধতিতে পদার্থের দৈর্ঘ্য, ওজন ও তরলের আয়তন পরিমাপ করা হয় তাকে মেট্রিক পদ্ধতি বলে।

দৈর্ঘ্য পরিমাপের মূল একক "মিটার" কে আন্তর্জাতিক একক হিসাবে ধরা হয়। "মিটার" শব্দটি থেকে এর নামকরণ হয়েছে **মেট্রিক পদ্ধতি**।

**৪**) মেট্রিক পদ্ধতিতে ব্যবহৃত মূল এককের বড়ো ও ছোটো উপএকক গুলো কী কী?

উঃ-মেট্রিক পদ্ধতিতে ব্যবহৃত মূল এককের বড়ো উপএককগুলো হল-কিলো, হেক্টো, ডেকা এবং ছোটো উপএকক গুলো হল-ডেসি ,সেন্টি ,মিলি।

**৫)ক)** সংখ্যা বসার প্রথম ছয়টি ঘর লিখে এদের সম্পর্ক বোঝাও।

**খ)** মেট্রিক পদ্ধতির মূল এককের সাথে এর বড়ো ও ছোটো উপএকক গুলির সম্পর্ক বোঝাও।

**উঃ**- হাজার শতক দশক একক

|________^ ^______|

১০ভাগ ছোট ১০গুন বড়ো

কিলো হেক্টো ডেকা মূলএকক ডেসি সেন্টি মিলি

১০গুন বড়ো ১০ভাগ ছোট

১০০গুন বড়ো ১০০ভাগ ছোট

১০০০গুন বড়ো ১০০০ভাগ ছোট

**৬**) দৈর্ঘ্য পরিমাপের মূল এককের সাথে উপএকক গুলো স্থানীয়মানের ছকে লেখো।

এই ছকের সাহায্যে **Grouping** বোঝাও।

**উঃ**-দৈর্ঘ্য পরিমাপের এককগুলির স্থানীয়মানের ছক:-

কিলোমি হেক্টোমি ডেকামি **মিটার** ডেসিমি সেন্টিমি মিলিমি

|----| |----------| |----------|

কিমির ঘর মিটারের ঘর সেমি এর ঘর |

|----------|

মিলিমি এত ঘর

**৭**)দৈর্ঘ্য পরিমাপের জন্য সাধারণত কী কী একক ব্যবহার করা হয়?

**উঃ-**দৈর্ঘ্য পরিমাপের জন্য সাধারণত কিলোমিটার,মিটার, সেন্টিমিটার ও মিলিমিটার এই চারটি একক ব্যবহার করা হয়।

**৮**)পদার্থের ওজন ও তরলের আয়তন পরিমাপের এককগুলি স্থানীয়মানের ছকে লেখো।

**উঃ-**পদার্থের ওজন পরিমাপের এককগুলির স্থানীয়মানের ছক:-

**কিলোগ্রাম হেক্টোগ্রাম ডেকাগ্রাম গ্রাম ডেসিগ্রাম সেন্টিগ্রাম মিলিগ্রাম**

তরলের আয়তন পরিমাপের এককগুলির স্থানীয়মানের ছক:-

**কিলোলিটার হেক্টোলিটার ডেকালিটার লিটার ডেসিলিটার সেন্টিলিটার মিলিলিটার**

**৯**)পদার্থের ওজন ও তরলের আয়তন পরিমাপের জন্য সাধারণত কী কী একক ব্যবহার করা হয়?

**উঃ-**পদার্থের ওজন পরিমাপের জন্য সাধারণত কিলোগ্রাম, গ্রাম ও মিলিগ্রাম একক ব্যবহার করা হয়।

তরলের আয়তন পরিমাপের জন্য সাধারণত কিলোলিটার, লিটার মিলিলিটার একক ব্যবহার করা হয়।

১০)**ক**)দৈর্ঘ্য পরিমাপের এককগুলির মধ্যে সম্পর্ক বা আর্যা লেখো।

**উঃ-** ১০মিলিমিটার=১সেন্টিমিটার

১০সেন্টিমিটার=১ডেসিমিটার

১০ডেসিমিটার= ১ মিটার

১০মিটার =১ ডেকামিটার

১০ডেকামিটার=১হেক্টোমিটার

১০হেক্টোমিটার=১কিলোমিটার

খ)পদার্থের ওজন পরিমাপের এককগুলির সম্পর্ক বা আর্যা লেখো।

উঃ- ১০মিলিগ্রাম=১সেন্টিগ্রাম

১০সেন্টিগ্রাম=১ডেসিগ্রাম

১০ডেসিগ্রাম=১গ্রাম

১০ গ্রাম=১ ডেকাগ্রাম

১০ ডেকাগ্রাম= ১ হেক্টোগ্রাম

১০ হেক্টোগ্রাম= ১ কিলোগ্রাম

**গ**)তরলের আয়তন পরিমাপের এককগুলির সম্পর্ক বা আর্যা লেখো।

**উঃ-** ১০মিলিলিটার=১সেন্টিলিটার

১০সেন্টিলিটার=১ডেসিলিটার

১০ডেসিলিটার=১লিটার

১০লিটার=১ডেকালিটার

১০ডেকালিটার=১হেক্টোলিটার

১০হেক্টোলিটার=১কিলোলিটার

**১১**)মেট্রিক পদ্ধতিতে মূল একক এবং এর ছোটো ও বড়ো এককগুলির কাজ কী?

উঃ-মেট্রিক পদ্ধতিতে ছোটো এককগুলো ছোটো জিনিস বা কম পরিমাণ জিনিসের দৈর্ঘ্য, ওজন ও আয়তন পরিমাপের জন্য ব্যবহার করা হয়। বড়ো বা বেশি পরিমাণ জিনিসের দৈর্ঘ্য, ওজন ও আয়তন পরিমাপের জন্য বড়ো এককগুলো ব্যবহার করা হয়।মূল এককগুলো সাধারণত মাঝারি মাপের বা পরিমাণের দৈর্ঘ্য, ওজন ও আয়তন পরিমাপের জন্য ব্যবহার করা হয়।

১২)কোনটি কোন এককে মাপবে?

ক)একটি পেনের দৈর্ঘ্য, খ)তোমার উচ্চতা, গ) হাওড়া থেকে মুম্বাইয়ের দূরত্ব, ঘ)একটি লাম্প পোস্টের উচ্চতা,ঙ)এক বস্তা চাল,চ)এক ঠোঙা বাদাম,ছ) এক প্যাকেট দুধ (তরল) জ)দুই চামচ সিরাপ, ঝ)এক ট্যাঙ্ক জল।

উঃ-ক)একটি পেনের দৈর্ঘ্য- সেন্টিমিটার এককে মাপবো

খ)আমার উচ্চতা- মিটার বা সেন্টিমিটার এককে মাপবো

গ) হাওড়া থেকে মুম্বাই এর দূরত্ব- কিলোমিটার এককে মাপবো

ঘ) একটি ল্যাম্পপোস্টের উচ্চতা-মিটার এককে মাপবো

ঙ) এক বস্তা (ওজন)-কিলোগ্রাম এককে মাপবো

চ)এক ঠোঙা বাদাম(ওজন)-গ্রাম এককে মাপবো

ছ)এক প্যাকেট দুধ(আয়তন)- লিটার এককে মাপবো

জ) দুই চামচ সিরাপ-মিলিলিটার এককে মাপবো

ঝ) এক ট্যাঙ্ক জল-কিলোলিটার এককে মাপবো।

**বিঃদ্রঃ**

- **ছাত্র-ছাত্রীদের পাঠ যদি বুঝতে সমস্যা হয়, তবে নিজের বক্তব্য Comment Box- এ পাঠাও।**
- **নিজের নাম, শ্রেণি, বিভাগ, ক্রমিক সংখ্যা ও যোগাযোগ নম্বর উল্লেখ করবে।**
- **আমরা সরাসরি তোমাদের সাথে যোগাযোগ করে নেবো।**